# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৫৬

১/ বিবিধ

আরবী

إن أحب الناس إلى الله يوم القيامة، وادناهم منه مجلسا إمام عادل، وأبغض الناس إلى الله وأبعدهم منه مجلسا إمام جائر
ضعيف

أخرجه الترمذي (1/249) وأحمد (3/22) عن فضيل بن مرزوق عن عطية عن أبي سعيد قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
وأخرجه الطبراني في " المعجم الأوسط " (رقم - 1591 و4770) وعنه أبو نعيم في " الحلية " (10/114) والسلفي في " الطيوريات " (ق 177/1) من طريق محمد ابن جحادة عن عطية به مختصرا بلفظ: أشد الناس عذابا يوم القيامة إمام جائر
وقال الترمذي
حديث حسن غريب لا نعرفه إلا من هذا الوجه
كذا قال! وعطية هو ابن سعد العوفي ضعيف مدلس كما سبق بيانه عند الحديث (24)

বাংলা

১১৫৬। কিয়ামতের দিন আল্লাহর নিকটে সর্বাপেক্ষা প্রিয় মানুষ হবে এবং বসার স্থান লাভের দিক দিয়ে সর্বাপেক্ষা তার নিকটবর্তী হবে ন্যায়পরায়ণ শাসক (ইমাম)। আর মানুষের মধ্যে আল্লাহর নিকট সর্বাপেক্ষা ঘৃণিত এবং তার থেকে স্থান লাভের দিক দিয়ে দূরবর্তী ব্যক্তি হবে অত্যাচারী শাসক।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম তিরমিযী (১৩২৯) ও আহমাদ (১০৭৯০, ১১১৩১) ফুযাইল ইবনু মারযূক হতে, তিনি আতিয়্যাহ হতে ... বর্ণনা করেছেন।

ত্ববারানী "আল-মুজামুল আওসাত" গ্রন্থে (১৫৯১, ৪৭৭০) আর তার থেকে আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (১০/১১৪) ও আসসিলাফী “আত-তায়ূরিয়্যাত” গ্রন্থে (কাফ ১/১৭৭) মুহাম্মাদ ইবনু জুহাদাহ হতে, তিনি আতিয়াহ হতে সংক্ষেপে নিম্নের ভাষায় বর্ণনা করেছেনঃ

"কিয়ামতের দিন মানুষের মধ্যে সর্বাপেক্ষা কঠিন শাস্তির সম্মুখীন হবে অত্যাচারী শাসক।" ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান গারীব। এ সূত্র ব্যতীত অন্য কোন সূত্রে হাদীসটিকে চিনি না।

আতিয়্যাহ হচ্ছেন ইবনু সা’দ আওফী, তিনি দুর্বল ও মুদাল্লিস বর্ণনাকারী। যেমনটি ২৪ নং হাদীসের ব্যাখ্যায় পূর্বে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72035

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন